# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ সালামের আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

## সালাম হল একটি ইসলামী প্রতীক

সালাম হল এক প্রকার দু‘আ। আর এই দু‘আ করা হয় আল্লাহর কাছে। সুতরাং যারা আল্লাহ ও তাঁর রসূলে বিশ্বাস রাখে না তারা এ দু‘আর হকদার নয়। তাই অমুসলিমদেরকে সালাম দেওয়া হারাম, বৈধ নয়। যেহেতু রসূল (ﷺ) বলেন, ‘‘ইয়াহুদ ও নাসাদেরকে প্রথমে সালাম দিও না। ওদের সাথে পথে সাক্ষাৎ হলে সংকীর্ণতার প্রতি বাধ্য কর।’’[1]

তাছাড়া সালামে রয়েছে তাযীম ও সম্মান প্রদর্শন। সুতরাং কাফেরকে সালাম দিলে নিজেকে ছোট ও তাকে বড় গণ্য করা হয়। আর তা কোন মুমিনের জন্য বৈধ নয়।

পক্ষান্তরে যদি কোন কার্যক্ষেত্রে কোন অমুসলিমকে অভ্যর্থনা জানাতেই হয়, তাহলে সালাম দিয়ে নয়; বরং অন্য কোন শব্দ বলে; যেমন ‘সুপ্রভাত’ বা ‘গুডমর্নিং’ বা ‘কেমন আছেন’ ইত্যাদি বলা প্রয়োজনে অনেকে বৈধ বলেছেন।[2]

## ফুটনোট

[1]. মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/২১৬৭

[2]. আল-আদাবুশ শারইয়্যাহ ১/৩৯১, আযকার, নওবী ৩৬৬-৩৬৭পৃঃ

Source — https://www.hadithbd.com/books/link/?id=7982

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন